# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৬ | ৮

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

[দ্রষ্টব্যঃ দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ হবিগঞ্জ জেলার কসবা ইউনিয়নের প্রভাবশালী ব্যক্তি কাশেম জোয়ার্দার। তিনি তার প্রভাব ঘাটিয়ে পার্শ্ববর্তী এলাকাগুলো নিজের দখলে আনার চেষ্টা করেন। মূলত তার এ উদ্দেশ্যে মূল্যে ছিল পার্শ্ববর্তী এলাকা থেকে প্রাপ্ত সম্পদকে কাজে লাগিয়ে নিজের এলাকার সমৃদ্ধি সাধন করা। তিনি আশপাশের এলাকার দুর্বৃত্তদের দমনের চেষ্টা করেন এবং গ্রামের স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনেন।

ক. সুলতান মাহমুদ পিতার নাম কী? ১

খ. আরবদের সিন্ধু বিজয়ের সময় ভারতের রাজনৈতিক অবস্থা গ্রহণ কর। ২

গ. উদ্দীপকের ঘটনাটির সহিত সুলতান মাহমুদের ভারত আক্রমণের কোন কারণটির সাদৃশ্য ছিল। ব্যাখ্যা কর। ৩

ঘ. দুর্বৃত্তদের দমনে কাশেম জোয়ার্দারের ভূমিকা মুহম্মদ ঘুরীর ভারতীয় বিদ্রোহ দমনের ঘটনার সাথে তুলনীয় -মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২.▶ মতিন সাহেব তার বিশাল ব্যবসা প্রতিষ্ঠান অনেকটা আগোছালো রেখে অপুত্রক অবস্থায় মৃত্যুবরণ করেন। এমতাবস্থায় প্রতিষ্ঠানের বেশির ভাগ কর্মকর্তার অনুরোধে মতিন সাহেবের জামাতা হারুন সাহেব প্রতিষ্ঠানের দায়িত্ব গ্রহণ করেন। হারুন সাহেব অত্যন্ত মেধাবী ও বিচক্ষণ ব্যক্তি ছিলেন। তিনি অতি অল্পবয়সে নিজ পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে মতিন সাহেবের অভিভাবকত্বেই একজন যোগ্য ব্যক্তিতে পরিণত হন। ফলে ক্ষমতা গ্রহণ করে তিনি প্রতিষ্ঠানটিকে সুপ্রতিষ্ঠিত করার চেষ্টা করেন। কিন্তু প্রতিষ্ঠানে কর্মরত মতিন সাহেবের কিছু ক্ষমতালিপ্সু আত্মীয় কর্মকর্তা এতে বাধা হয়ে দাঁড়ায়। হারুন সাহেব বিভিন্ন উপায়ে তাদের দমন করে প্রতিষ্ঠানটিকে একটি আদর্শ প্রতিষ্ঠানে রূপান্তরিত করেন।

ক. দিল্লী সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১

খ. সুলতানা রাজিয়া সম্পর্কে যা জানো আলোচনা কর। ২

গ. উদ্দীপকে হারুন সাহেবের প্রথম জীবনের সহিত সুলতান ইলতুৎমিশের প্রথম জীবনের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হারুন সাহেবের গৃহীত পদক্ষেপের আলোকে অভ্যন্তরীণ বিদ্রোহ দমনে সুলতান ইলতুৎমিশের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৩.▶ জনাব 'M' কে বলা যায় একজন রাখাল রাজা। একজন ক্রীতদাস হওয়া সত্ত্বেও তিনি প্রভুর মন জয় করে একটি রাজ বংশের প্রতিষ্ঠা করেন। দানশীলতার জন্য তাকে বিশেষ উপাধিতে ভূষিত করা হয়। বিচক্ষণ এই রাজনীতিবিদ তার

http://teachingbd.com

প্রভুর মৃত্যুর পর নিজের অবস্থা সুসংহত করার জন্য বিভিন্ন শক্তিধর ব্যক্তির সাথে বৈবাহিক সূত্রে সম্পর্কে স্থাপন করেন। তবে বিজেতা ও ন্যায়বিচারক হিসেবে তার ব্যর্থতা তার সফলতাকে মলিন করে দেয়।

ক. কারাচিল কোথায় অবস্থিত? ১

খ. তুঘলক বংশের পতনের জন্য ফিরোজশাহ তুঘলক কি দায়ী? ২

গ. উদ্দীপকের বর্ণিত রাখাল রাজা জনাব "M' কৃতিত্বের সাথে তোমার পঠিত দিল্লি সালতানাতের কোন শাসকের কৃতিত্ব সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর ৩

ঘ. 'M' কৃতিত্বের তুলনায় তোমার পঠিত শাসকের কৃতিত্ব কোন অর্থে অধিক প্রশংসার দাবিদার? যুক্তি দাও। ৪

৪.▶ 'ক' চেয়ারম্যান নিযুক্ত হওয়ায় অনেকেই তার কাছে সাহায্যের জন্য আসেন। কেউ চিকিৎসার জন্য, কেউ কন্যাদায়গ্রস্ত হয়ে, কেউ ছেলেমেয়ের চাকুরির তদবিরের জন্য, কেউ মৃতব্যক্তির সৎকারের জন্য। 'ক' ভাবলেন যে তার একার পক্ষে সকলের সমস্যার সমাধান করা সম্ভব নয়। তাই তিনি প্রথমে এলাকার বিত্তশালীদের সহযোগিতা নিয়ে এসব সমস্যার সমাধান করার চিন্তা করলেন। প্রথমেই তিনি একটি ফান্ড গঠন করে এলাকার কন্যাদায়গ্রস্থদের সাহায্য প্রদানের ব্যবস্থা করেন।

ক. মামলুক শব্দের অর্থ কী? ১

খ. মালিক কাফুর কে ছিলেন? ২

গ. উদ্দীপকে 'ক' চেয়ারম্যান এর প্রথম সমস্যা সমাধানের সাথে সুলতান শাহ তুঘলক এর কোন ব্যবস্থাপনাটির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমস্যাটি ছাড়া উদ্দীপকের আর কোন কোন সমস্যা সমাধানে ফিরোজ শাহ তুঘলক ব্যবস্থা গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৪

৫.▶ আব্বাসীয় খিলাফতের প্রকৃত প্রতিষ্ঠাতা আবু জাফর আল মনসুর তার সাম্রাজ্যের রাজধানী বহিঃশত্রু ও উমাইয়াদের হাত থেকে রক্ষা করার জন্য সাম্রাজ্যের কেন্দ্রস্থল ইরাকের বাগদাদ নগরীতে স্থানান্তর করেন এবং রাজধানীকে রক্ষা করার জন্য রাজধানীর চারিদিকে দুইটি বৃত্তাকার প্রাচীর ও চারটি ফটক নির্মাণ করেন।

ক. ভারতে স্বাধীন মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কে? ১

খ. গিয়াসউদ্দিন বলবনের মোঙ্গল নীতি কি ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে শাসক রাজধানী স্থানান্তর করেছিলেন তারই গৃহীত পদক্ষেপের আলোকে পাঠ্যপুস্তকে শাসকের তাম্রমুদ্রা প্রচলনের ইতিহাস বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত শাসকের কার্যাবলীর সহিত পাঠ্যবইয়ের যে শাসকের মিল পাওয়া যায় তার রাজধানী স্থানান্তরের পরিকল্পনার বিবরণ দাও। ৪

৬.▶ অটোমান সুলতান আমির ওসমানের পূর্বপুরুষরা গোবি মরুভূমির একটি ক্ষুদ্র রাজ্যের শাসক ছিলেন। সেখানে শত্রুপক্ষের শক্তির কারণে সুবিধা করতে না পেরে তারা এশিয়া মাইনরে চলে আসে। এশিয়া মাইনরে বহুদিন ধরে সেলজুকরা শাসন করলেও উত্তরাঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কিছু স্বাধীন ও শক্তিশালী গ্রিকরাজ্য বিদ্যমান ছিল। আমির ওসমান শেষ সেলজুক সুলতান আলাউদ্দিনের পতন ঘটিয়ে সেখানে

Teachingbd.com

ওসমানী সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি শক্তিশালী গ্রিক রাজাদেরকেও পরাজিত করে যে বিশাল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন তা কয়েক শতাব্দী পর্যন্ত স্থায়ী ছিল।

ক. সম্রাজ শাহজাহানের পিতার নাম কী? ১

খ. সম্রাট বাবর কর্তৃক "খানুয়ার যুদ্ধের" বর্ণনা দাও। ২

গ. উদ্দীকে উল্লেখিত ঘটনার সহিত পাঠ্যপুস্তকের যে শাসকের মিল পাওয়া যায় তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত শাসকের মতো পাঠ্যবইয়ের যে শাসকের সহিত যে শাসকের যুদ্ধ হয়েছিল তার ফলাফলের আলোকে বিবরণ দাও। ৪

৭.▶ কামাল সাহেব বিপুল ভোটের ব্যবধানে তার এলাকার সাংসদ নির্বাচিত হন। সাংসদ নির্বাচিত হওয়ার পর তিনি তার এলাকার উন্নয়নে মনোনিবেশ করেন। তিনি অসংখ্য রাস্তাঘাট নির্মাণ করেন এবং রাস্তার উভয়পার্শ্বে ছায়াদানকারী গাছ লাগানোর ব্যবস্থা করেন। এছাড়া গরিব ও দুস্থ ব্যক্তিদের জন্য তিনি এলাকার বিভিন্ন স্থানে হোটেল নির্মাণের ব্যবস্থা করেন। সেখানে গরিব মিসকিনরা বিনামূল্যে খাবার খেতে পারে। তার এ জনহিতকর কার্যাবলির জন্য এলাকার সবাই তাকে ভালোবাসতো।

ক. 'হুমায়ুন' শব্দের অর্থ কী? ১

খ. হিমু কিভাবে পানিপথের দ্বিতীয় যুদ্ধে পরাজিত হন? ২

গ. উদ্দীপকের কামাল সাহেবের সহিত শুর বংশের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনহিতকর কাজের ক্ষেত্রে মিল থাকলেও ক্ষমতা গ্রহণের ক্ষেত্রে কামাল সাহেবের সাথে উক্ত শাসকের অমিল রয়েছে। উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

৮.▶ জনাব আমজাদ সাহেব গাজীপুর পৌরসভার মেয়র নিযুক্ত হওয়ার পর গাজীপুরের শাসনকার্য সুষ্ঠুভাবে পরিচালনা এবং তার ও তার পরিবারের ক্ষমতাকে সুদৃঢ় সুসংহত এবং দীর্ঘস্থায়ী করার জন্য গাজীপুরের আরেকটি বিশেষ পরিবারের সহিত আত্মীয়তার সম্পর্ক স্থাপন করেন এবং সেই সাথে সেখানকার কতিপয় গণ্যমান্য ব্যক্তিবর্গকে পৌরসভার গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দান করেন। তাছাড়া সেখানকার অপরাপর জনগণের উপর পূর্ববর্তী মেয়রের সকল প্রকার অবৈধ জিজিয়া কর বাতিল করে সাধারণ জনগণের পূর্ণ সমর্থন আদায়ের ব্যবস্থা করেন। যার মধ্যদিয়ে তার ও তার পরিবারের সদস্যরা পালাক্রমে গাজীপুরের মেয়রের পদ অলংকৃত করে রাখতে সক্ষম হয়েছিল।

ক. নবরত্না সভা কী? ১

খ. ময়ুর সিংহাসন সম্পর্কে যা জান লিখ। ২

গ. উদ্দীপকে জনাব আমজাদ সাহেবের কর্মকাণ্ডের সহিত পাঠ্যপুস্তকের আলোকে যে শাসকের কর্মকাণ্ডের মিল পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত আমজাদ সাহেব যে বিশেষ গোষ্ঠীর প্রতি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপন করে অত্র এলাকায় যে এক নবযুগের সূচনা করেছিল তার ব্যাখ্যা দাও। ৪

http://teachingbd.com

৯.▶ রিয়াদ ব্যাপারী সারাদেশে বিস্তৃত তার ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো দায়িত্ব তার ছেলেদেরকে বুঝিয়ে দিয়ে ঢাকায় বড় ছেলেকে নিয়ে সবকিছু নিয়ন্ত্রণ করতেন। একবার রিয়াদ ব্যাপারীর হার্ট এ্যাটাক হলে তার ছেলে তাকে ক্লিনিকে ভর্তি করে বিষয়টি গোপন রেখে নিজেই পিতার ব্যবসা ও সকল সহায়-সম্পত্তির কর্তৃত্ব গ্রহণ করে অন্য ভাইয়ের বঞ্চিত করার উদ্যোগ নেয়। এতে শংকিত হয়ে তার অন্য ভাইয়েরা ঐক্যবদ্ধ হয়ে চট্টগ্রামে দায়িত্ব পালনরত তৃতীয় ভাইয়ের নেতৃত্বে ঢাকায় আসে এবং পিতা ও বড় ভাইয়ের নিকট হতে সকল কর্তৃত্ব কেড়ে নেয়। অতঃপর তৃতীয় ভাই অন্যান্য ভাইদেরকে কৌশলে বঞ্চিত করে নিজেই সকল কিছুর মালিকানা গ্রহণ করেন।

ক. 'দ্বীন-ই- ইলাহি' কী? ১
খ. সম্রাট শাহজাহানকে 'The prince of Builders" বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রিয়াদ ব্যাপারীর সাথে সম্রাট শাহজাহানের সাদৃশ্যের ক্ষেত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তৃতীয় ভাইয়ের মালিকানা গ্রহণ ও আওরঙ্গজেবের সিংহাসন আরোহণ একই রূপ ছিল-উক্তিটি ব্যাখ্যা কর। ৪

১০.▶ বিংশ শতাব্দীর প্রথমার্ধে জার্মানির পশ্চিমাঞ্চলের জনগণের চেয়ে পুর্বাঞ্চলের জনগণ অনুন্নত ও অবহেলিত ছিল। পশ্চিমাঞ্চলের শাসক গোষ্ঠীর বৈরী মনোভাব আর পূর্বাঞ্চলের জনগণের কল্যাণ ও উন্নয়নের উদ্দেশ্যে পূর্ব জার্মানি ও পশ্চিম জার্মানি নামে দুটি পৃথক রাষ্ট্রের জন্ম হয়। এ বিভক্তির ফলে উভয় দেশের জনগণের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। জনগণের একটি অংশও বিভক্তির বিরুদ্ধে আন্দোলন শুরু করে। অবশেষে প্রবল আন্দোলনের মুখে দুই জার্মানিকে পুনরায় একত্রিত করা হয়।

ক. দ্বি-জাতি তত্ত্বের জনক কে? ১
খ. খিলাফত আন্দোলন বলতে কি বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লেখিত দুই জার্মানির বিভক্তি ব্রিটিশ শাসনের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. জার্মানির পুনরায় একত্রিকরণ ও উক্ত ঘটনার পরিণতি কি একই ছিল? ৪

১১.▶ দক্ষিণ এশিয়ার একটি দেশে জন্মগ্রহণ করেন জনাব ইরফান আলী। বয়সের ভারে এখন হাটতে পারেন না। চোখে তেমন আলো নেই। তিনি উল্লেখ করেন এ নেতা একবার ৬টি দাবি পাকিস্তান সরকারের নিকট পেশ করেছিলেন। এবং এ দাবিগুলোকে কেন্দ্র করে বেশ আন্দোলন সংগ্রামও পরিচালিত হয়েছিল। আর এই ফলশ্রুতিতে ৭০- এর নির্বাচন জয়লাভ এবং দেশের স্বাধীনতার পথ সুগম হয়েছিল। এ দাবিগুলোকে অনেকেই বাঙালি জাতির মুক্তির সনদও বলে থাকেন।

ক. কত তারিখে মহান মাতৃভাষা দিবস পালিত হয়? ১
খ. ১৯৬৯-এর গণঅভ্যুত্থানের অন্যতম কারণ ব্যাপক অর্থনৈতিক বৈষম্য- ব্যাখ্যা কর। ২
গ. ইরফান আলীর স্মৃতিচারণ কোন আন্দোলনের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।৩
ঘ. 'এ ধরনের দাবিতে স্বাধীনতার বীজ নিহিত ছিল'- মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র

বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান —৩০

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কে?
ⓚ বখতিয়ার খলজি
ⓚ মুহাম্মদ বিন কাশিম
ⓖ সুলতান মাহমুদ
ⓖ মুহাম্মদ ঘুরি

২. 'কিতাব উ-হিন্দ' গ্রন্থটির রচয়িতা কে?
ক) ইবনে হায়সান খ) রায়হাকি
গ) আলবেরুনী ঘ) আলরাজি

৩. মুসলিম বিজয়ের প্রক্কালে সিন্ধুর রাজা কে ছিলেন?
ক) দাহির খ) জয়চন্দ্র
গ) ত্রিলোচনপাল ঘ) পৃথ্বিরাজ

৪. সুলতান মাহমুদ কতবার ভারত আক্রমণ করেন?
ক) ১৫ বার খ) ১৬ বার
গ) ১৭ বার ঘ) ১৮ বার

৫. শাহনামা কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক) আল ফারাবি খ) ইবনে বতুতা
গ) ফেরদৌসি ঘ) আল-বেরুনি

৬. তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত খ্রিস্টাব্দে শুরু হয়?
ক) ১১৯৮ খ) ১১৯৬
গ) ১১৯৪ ঘ) ১১৯২

৭. 'আইবেক' শব্দের অর্থ কী?
ক) সূর্যদেবতা খ) চন্দ্রদেবতা
গ) বীরযোদ্ধা ঘ) জ্ঞানের দেবতা

৮. 'লাখ-বখস' কার উপাধি?
ক) ইলতুৎমিশ খ) আরামশাহ
গ) কুতুবউদ্দিন আইবেক
ঘ) সুলতানা রাজিয়া

৯. মামলুক শব্দের অর্থ কী?
ক) সওদাগর খ) অভিজাত
গ) ভিক্ষুক ঘ) ক্রীতদাস

১০. সুলতানা রাজিয়া কাকে বিবাহ করেছিলেন?
ক) আলতুনিয়াকে খ) জুনাইদিকে
গ) বাহরামকে ঘ) সবুক্তগীনকে

১১. হাজার দিনার কাকে বলা হত?
ক) খসরু মালিককে খ) উলুঘ খানকে
গ) মালিক কাফুরকে ঘ) জাফর খানকে

১২. মুহম্মদ বিন তুঘলক কোন মুদ্রা প্রচলন করেন?
ক) রৌপ্য খ) তাম্র
গ) হিরা ঘ) স্বর্ণ

১৩. পানিপথের প্রথম যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
ক) ১৫৩০ খ) ১৫২৯
গ) ১৫২৮ ঘ) ১৫২৬

১৪. কাকে পরাজিত করে বাবর সিংহাসনে বসেন?
ক) ইব্রাহিম লোদি খ) দারিয়া খান
গ) আলম খান ঘ) দৌলত খান

১৫. হুমায়ুন শব্দের অর্থ কী?
ক) কপালী খ) ভাগ্যবান
গ) নিয়তি ঘ) নসিব

১৬. স্বত্ববিলোপ নীতির প্রবর্তক কে?
ক) লর্ড ডেভিড
খ) লর্ড ডালহৌসি
গ) লর্ড মিন্টো
ঘ) লর্ড কর্নার্ট

১৭. সর্বশেষ মুঘল সম্রাট কে ছিলেন?
ক) আবু জাফর
খ) লর্ড ক্লাইভ
গ) বাহাদুর শাহ
ঘ) লর্ড কার্জন

১৮. সিপাহি বিদ্রোহ কত সালে সংঘটিত হয়?
ক) ১৮৬০ সালে খ) ১৮৫৯ সালে
গ) ১৮৫৮ সালে ঘ) ১৮৫৭ সালে

http://teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

মার্টিন লুথার ছিলেন পঞ্চদশ শতকে ইউরোপীয় ইতিহাসে খ্রিস্টধর্মের সংস্কার আন্দোলনের অন্যতম নেতা তিনি দুর্নীতিগ্রস্থ ক্যাথলিক গির্জার ক্ষমতা লোপ করার পদক্ষেপ গ্রহণ করলে ধর্মযাজকদের সাথে দ্বন্দ্বে পড়েন।

১৯. উদ্দীপকের মত উনবিংশ শতকে উপমহাদেশের ইসলাম ধর্মের সংস্কার আন্দোলনে নেতা কে ছিলেন?
(ক) সৈয়দ নিসার আলী
(খ) হাজি শরিয়ত উল্লাহ
(গ) তিতুমীর
(ঘ) হাজি মহসিন

২০. উক্ত সংস্কারকের পরিচালিত আন্দোলন ব্যাপক অর্থে কী নামে পরিচিত ছিল?
(ক) ফরায়েজি আন্দোলন
(খ) আলীগড় আন্দোলন
(গ) ওহাবী আন্দোলন
(ঘ) সিপাহী আন্দোলন

২১. ভাষা আন্দোলনের মধ্য দিয়ে সুযোগ সৃষ্টি হয়—
i. বাংলা ভাষা চর্চার
ii. বাংলা সাহিত্য চর্চার
iii. বাংলা সংস্কৃতি চর্চার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. ছয় দফা দাবি কোথায় উত্থাপন করা হয়?
(ক) ইসলামাবাদে
(খ) করাচিতে
(গ) রাওয়ালপিন্ডিতে
(ঘ) লাহোরে

২৩. অপারেশন সার্চলাইট বলা হয় কোন রাতকে?
(ক) ২৪ মার্চ (খ) ২৫ মার্চ
(গ) ২৬ মার্চ (ঘ) ২৭ মার্চ

২৪. বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন করেন কত তারিখে?
(ক) ১০ জানুয়ারি ৭২
(খ) ১১ জানুয়ারি ৭২
(গ) ১২ জানুয়ারি ৭২
(ঘ) ২৬ মার্চ ৭২

২৫. 'খলিফা' শব্দের অর্থ কী?
(ক) উত্তরাধিকারী (খ) প্রতিনিধি
(গ) আমির (ঘ) ওয়ালী

২৬. হযরত আবু বকর (রাঃ) কে বলা হয়—
i. মদিনা রাষ্ট্রের রক্ষক
ii. কুরআনের রক্ষক
iii. সত্য মিথ্যার প্রভেদকারী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. হিজরী সনের প্রবর্তক কে?
(ক) হযরতর আবুবকর (রাঃ)
(খ) হযরত উমর (রাঃ)
(গ) হযরত উসমান (রাঃ)
(ঘ) হযরত আলী (রাঃ)

২৮. শুরা এর আভিধানিক অর্থ কী?
(ক) বিশ্বাস
(খ) দানশীল
(গ) পরামর্শ
(ঘ) বিচারালয়

২৯. হযরত ওসমান (রাঃ) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
(ক) ৫৭৩ খ্রি.
(খ) ৫৭৪ খ্রি.
(গ) ৫৭৫ খ্রি.
(ঘ) ৫৭৮ খ্রি.

৩০. আল্লাহর সিংহ কাকে বলা হয়?
(ক) আবুবকর (রাঃ)
(খ) উমর (রাঃ)
(গ) ওসমান (রাঃ)
(ঘ) আলী (রাঃ)

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com